সংবাদ

তারিখ 10 FEB 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

# এইচএসসি পরীক্ষা শুরু ৩ এপ্রিল

নিজস্ব বার্তা পরিবেশক

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আগামী ৩ এপ্রিল। শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে গতকাল এই পরীক্ষার সূচি প্রকাশ করা হয়। সকালের পরীক্ষা ১০টা থেকে শুরু হয়ে ১টায় এবং বিকেলের পরীক্ষা ২টায় শুরু হয়ে শেষ হবে ৫টায়। আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি, মাদ্রাসা বোর্ডের অধীনে আলিম, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা একযোগে অনুষ্ঠিত হবে। সূচি অনুযায়ী এইচএসসির তত্ত্বীয় পরীক্ষা ৩ এপ্রিল শুরু হয়ে ৯ জুন শেষ হবে। এরপর শুরু হবে ব্যবহারিক পরীক্ষা। এইচএসসির ব্যবহারিক পরীক্ষা ১১ থেকে ২০ জুনের মধ্যে অনুষ্ঠিত হবে।

এবার থেকে এ পরীক্ষায় প্রথমে বহু নির্বাচনী (এমসিকিউ) পরে রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা হবে। উভয় পরীক্ষার মধ্যে ১০ মিনিটের বিরতি থাকবে। এ বছর এসএসসি পরীক্ষায়ও এ পদ্ধতি চালু করা হয়েছে।